# অর্থনীতির সৃজনশীলতা ধ্বংসের অভিযোগ ফ্যাসিবাদমুক্ত ব্যবসার আহ্বান আমির খসরুর




সংগৃহীত ছবি

বাংলাদেশে গত ১৭ বছরে অর্থনৈতিক সৃজনশীলতা ধ্বংস করা হয়েছে বলে মন্তব্য করেছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য আমির খসরু মাহমুদ চৌধুরী। তিনি বলেন, "এই সময়ে ব্যবসা-বাণিজ্য রাজনীতির প্রভাবমুক্ত না হওয়ায় উদ্ভাবনী শক্তি ও সম্ভাবনাগুলো চাপা পড়েছে।"

শনিবার (২৮ জুন) দুপুরে সিলেটের মেন্দিবাগে জালালাবাদ গ্যাস অডিটোরিয়ামে 'সিলেট বিজনেস ডায়ালগ' অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

আমির খসরু বলেন, "ব্যবসা-বাণিজ্যকে অবশ্যই রাজনীতির প্রভাবমুক্ত রাখতে হবে। একই সঙ্গে দেশকে ফ্যাসিবাদমুক্ত করাও অপরিহার্য, নইলে টেকসই উন্নয়ন সম্ভব নয়। মানুষ এখন আগের মতো রাজনীতি চায় না—তাদের মানসিকতা বদলে গেছে, রাজনীতির ধরণও বদলাতে হবে।"

তিনি জানান, বিএনপি ক্ষমতায় এলে কর্মসংস্থানকে অগ্রাধিকার দেওয়া হবে। "মাসে ১ লাখ মানুষের কর্মসংস্থানের উদ্যোগ নেওয়া হবে। দেড় বছরের মধ্যে ১ কোটি মানুষের চাকরির সুযোগ তৈরি করাই আমাদের লক্ষ্য,"—যোগ করেন তিনি।

LENS ASIA

অনুষ্ঠানটি আয়োজন করেন বিএনপি চেয়ারপারসনের উপদেষ্টা খন্দকার আব্দুল মোক্তাদির।

সিলেট ও জাতীয় অর্থনীতির চ্যালেঞ্জ এবং সম্ভাবনা নিয়ে আলোচনা অনুষ্ঠিত হয় ডায়ালগে।

বিশেষ অতিথি ছিলেন বিজিএমইএ সভাপতি মাহমুদ হাসান খান বাবু ও সংগঠনের সাবেক সভাপতি ফজলুল হক। অনুষ্ঠানে সিলেটের বিভিন্ন শ্রেণিপেশার ব্যবসায়ী, পেশাজীবী এবং বিএনপির অঙ্গসংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।